P.ls read this news everyone.

এশিয়া বাণী | ৭

# সততা ও কর্মদক্ষতায় সফল প্রকৌশলী মোঃ মনজুরুল ইসলাম



এস.এম. সফিউল্লাহ্ মুন্সী : সততা, কর্মদক্ষতা এবং মেধাবী ব্যক্তিত্ব প্রধানমন্ত্রীর অনুমোদিত উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন-ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প UTMIDP এর প্রকল্প পরিচালক মোঃ মনজুরুল ইসলাম তার শৈশব থেকেই প্রত্যাশা দেশ মা মাটি ও মানুষের কল্যাণে কাজ করবেন। ঢাকার অদূরে অবস্থিত নারায়ণগঞ্জের এই কৃতি সন্তান মোঃ মনজুরুল ইসলাম। ছোটবেলা থেকে তিনি সৎ, মেধাবী এবং দেশ মাটি ও মানুষের প্রতি আন্তরিক। সদাহাস্যজ্জ্বল মোঃ মনজুরুল ইসলাম তাঁর কর্মময় জীবনে হাটিহাটি পা পা করে আজ তিনি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে একটি প্রকল্পে প্রকল্প পরিচালক হিসাবে নিজের অবস্থান সুদৃঢ় করতে সমর্থ হন। পরিচিতি ঃ- ঐতিহ্যবাহী নারায়নগঞ্জ জেলার কৃতি সন্তান মোঃ মনজুরুল ইসলাম। ১৯৮৯ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ। ২০১০ সালে State University থেকে ইনভায়রণমেন্টাল সাইন্স বিষয়ে মাষ্টার ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৯১ সালে এপ্রিল মাসে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে উপজেলা প্রকৌশলী হিসাবে চাকুরীতে যেগাদান করেন। এর পর প্রায় ৫টি উপজেলায় তিনি সফলভাবে উপজেলা প্রকৌশলী হিসাবে দায়িত্ব পালন করেন। কর্মক্ষেত্রে তাঁর সততা ও নিষ্ঠার জন্য তিনি ২০১০ সালে নির্বাহী প্রকৌশলী হিসাবে পদোন্নতি পেয়ে উপ-প্রকল্প পরিচালক হন এবং পরে লক্ষীপুর জেলায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে নিবাহী প্রকৌশলীর দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর প্রধান কার্যালয়ে অত্যন্ত জনগুরুত্বপূণ্য উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টারপ্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প এলজিইডি- এর প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত আছেন। উক্ত প্রকল্পের সার সংক্ষেপ তুলে ধরে মোঃ মনজুরুল ইসলাম বলেন, প্রকল্পের নাম-উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প। (২) প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদন ১৭/০৯/২০১৮ তারিখ (৩) প্রকল্পের মেয়াদ জুলাই-২০১৮ হতে জুন-২০২২ ইং (৪) প্রকল্পের মোট ব্যয়-১৪১৪০০.০০ জিওবি লক্ষ টাকা (৫) প্রকল্প এলাকা -৫৭ জেলার-২ ১৮৮ টি (নন-মিউনিসিপ্যাল) উপজেলা শহর (৬) প্রকল্পের মূল কাযক্রম উপজেলা শহরের মাষ্টার প্ল্যান প্রণয়ন, সড়ক নির্মাণ পুনঃনির্মান ব্রীজ/ কালভার্ট নির্মান পুনঃনির্মান, ড্রেন নির্মান পুনঃনির্মান পাবলিক টয়লেট নির্মান, কসাইখানা নির্মান, কাঁচাবাজার নির্মান। সম্প্রতি তার কার্যালয়ে এই প্রদিবেদকের সাথে একান্ত আলাপচারিতায় তিনি বলেন- উপজেলা শহর নন মিউনিসিপ্যাল মাষ্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প UTMIDP এটি প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত একটি জনগুরুত্বপূর্ণ প্রকল্প। এই প্রকল্পটি বাস্তবায়ন হলে বাংলাদেশের উপজেলা পর্যায়ে শহরগুলি পরিকল্পনার আওতায় উন্নয়ন হবে এবং জনসাধারণের জীবনমান উন্নত হবে। সারাদেশে অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থানের সৃষ্টি হবে। আর এ গুরুত্বকে বিবেচনা রেখেই আমি যতদূর সম্ভব সততাও নিষ্ঠার সাথে আমার দায়িত্ব পালনের চেষ্টা করছি। এ জন্য সংশ্লিষ্ট সকলের দোয়া ও সহযোগিতা চেয়েছেন তিনি।